# তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ওয়েবসাইট : **www.bscic.gov.bd** : ই-মেইল : **info@bscic.gov.bd**

# মুখবন্ধ

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পখাতের উন্নয়ন ও বিকাশে ১৯৫৭ সাল থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। উক্ত খাতের প্রসার ঘটিয়ে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও বিপুল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন বিসিকের সমুদয় কাজের মূল উদ্দেশ্য। এ লক্ষ্যকে সামনে রেখে ইতোমধ্যে বিসিক কর্তৃক দেশব্যাপী নিয়মিত কর্মকাণ্ড ছাড়াও বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়িত হয়েছে এবং হচ্ছে। এর ফলে ক্রমেই বিকশিত হচ্ছে আমাদের ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পখাতসহ সমগ্র শিল্পখাত।

বিসিক দেশের শিল্পায়নে নিয়োজিত একটি উন্নয়নধর্মী প্রতিষ্ঠান। বিসিকের সামগ্রিক কর্মকাণ্ডের সাথে দেশের বিপুল সংখ্যক জনগোষ্ঠী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত। শিল্পায়নের ক্ষেত্রে বিসিকের রয়েছে গৌরবোজ্জ্বল অতীত। দেশের অর্থনীতিতে ক্ষুদ্র ও কুটির শিল্প খাত উল্লেখযোগ্য অবদান রেখে আসছে। বর্তমানে দেশব্যাপী বিসিকের ৪টি আঞ্চলিক কার্যালয়, ৭৪টি জেলা কার্যালয়, ৫৮টি জেলায় ৭৪টি শিল্পনগরী, ১৫টি নৈপুণ্য বিকাশ কেন্দ্র এবং ৩টি পার্বত্য জেলায় ২২টি উপজেলায় ৩টি উৎপাদন কাম প্রশিক্ষণ কেন্দ্র, ১টি নকশা কেন্দ্র এবং ১টি প্রশিক্ষণ ইস্টিটিউট রয়েছে। তাছাড়া সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১৪টি উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কাজসহ দেশের লবণ শিল্পের উন্নয়নেও বিসিক কাজ করছে।

শিল্পায়নের ক্ষেত্রে যে কোন প্রকল্প নির্বাচন ও তা বাস্তবায়নের জন্য উদ্যোক্তাদের সঠিক তথ্য সম্পর্কে অবহিত থাকা একান্ত প্রয়োজন। শিল্প স্থাপনের জন্য প্রকল্প নির্বাচন, সম্ভ্যবতা যাচাই প্রস্তাব প্রণয়ন, মূল্যায়ন এবং পণ্যের বাজার সম্পর্কে আগ্রহী উদ্যোক্তাগণকে সম্ভাব্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ সেবা-সহায়তা দেয়া বিসিকের উল্লেখযোগ্য কর্মকাণ্ড। বিসিকের কর্মকাণ্ডে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য তথ্য অধিকার আইন ২০০৯-এর আওতায় বিসিকের 'তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫' প্রণয়ন করা হয়েছে।

বিসিকের তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫ প্রণয়নের ক্ষেত্রে তথ্য কমিশন এবং বেসরকারি সংস্থা এমআরডিআই এর মূল্যবান পরামর্শ ও দিকনির্দেশা প্রদান করে আমাদেরকে সহায়তা করেছেন। এ জন্য তাঁদের প্রতি আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি। এ নীতিমালার প্রণয়নের ফলে দেশের ক্ষুদ্র ও কুটির শিল্প তথা এ খাতের উন্নয়ন ও বিকাশের সরকারের নীতিমালা, প্রদত্ত সুযোগ-সুবিধাদি এবং সেবা-সহায়তা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাবলী সম্পর্কে উদ্যোক্তাগণ সহজেই অবহিত হতে পারবেন বলে আশা করা যায়।

সরকার কর্তৃক অর্পিত দায়িত্ব হিসেবে বিসিক দেশের ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পখাতের বেসরকারি উদ্যোক্তাদের শিল্পায়নের ক্ষেত্রে বিভিন্ন ধরনের সেবা সহায়তা ও পরামর্শ প্রদান করে আসছে। অন্যান্য সহায়তার পাশাপাশি শিল্প-কারখানা স্থাপনে উদ্যোক্তাদের শুধুমাত্র অবকাঠামোগত সহায়তা প্রদানের লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে স্থাপিত শিল্পনগরীগুলোতে এ পর্যন্ত সাড়ে ৪ হাজারের অধিক শিল্প কারখানা স্থাপিত হয়েছে এবং এসব কারখানায় ৫ লক্ষ ২৬ হাজারেরও বেশী লোকের কর্মসংস্থান সৃষ্টি সম্ভব হয়েছে। তাছাড়া বিসিক কর্তৃক দেশের বিভিন্ন স্থানে আরো বেশ কয়েকটি শিল্পনগরী ও শিল্পপার্ক স্থাপনসহ আরো বেশকিছু প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে। তাছাড়া নতুন নতুন প্রকল্প গ্রহণের বিষয় প্রক্রিয়াধীন আছে। এসব প্রকল্প বাস্তবায়িত হলে উদ্যোক্তাগণ শিল্প-কারখানা স্থাপনে অবকাঠামোগত সহায়তা পাবেন। এর ফলে দেশে নতুন নতুন শিল্প-কারখানা স্থাপন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

বিসিকের তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫ দেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবে এটা নিঃসন্দেহে বলা যায়। অন্যদিকে সরকার ঘোষিত আগামী ২০২১ সালের মধ্যে পৃথিবীর মানচিত্রে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করার ক্ষেত্রেও এ নীতিমালা কিছুটা হলেও সহায়ক শক্তি হিসেবে কাজ করবে বলেও আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

**আহমদ হোসেন খান**
চেয়ারম্যান

# সূচিপত্র

**প্রথম অধ্যায় : নীতিমালার সাধারণ বিষয়** ৩

**দ্বিতীয় অধ্যায় : প্রাথমিক বিষয়াদি** ৪
২.০ ভূমিকা
২.১ নীতিমালার উদ্দেশ্য ৪
২.২ বিসিকের পটভূমি ৪
২.৩ বিসিকের সাথে তথ্য অধিকারের সম্পর্ক ৪
২.৪ তথ্য অবমুক্তকরণ নীতি ৫
২.৫ সংজ্ঞা ৫
২.৬ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ৫

**তৃতীয় অধ্যায় : নীতিমালা**
৩.০ তথ্যের শ্রেণিবিন্যাস ১০
৩.১ স্বপ্রণোদিত তথ্য ১০
৩.২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য ১০
৩.৩ চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্য ১০
৩.৪ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় ১০
৩.৫ প্রতিমাসে তথ্য অবমুক্তকরণ ১১
৩.৬ তথ্যের ভাষা ১১
৩.৭ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি ১১
৩.৮ আবেদন প্রক্রিয়া ১১
৩.৯ তথ্য প্রদানের সময়সীমা ১১
৩.১০ তথ্যের মূল্য তালিকা ১১
৩.১১ তথ্য প্রদানে অপারগতা ১১
৩.১২ আপিল প্রক্রিয়া ও সময়সীমা ১১
৩.১৩ শাস্তি ১২

**পরিশিষ্ট তালিকা**
পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা ১৩
পরিশিষ্ট-২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা ১৪
পরিশিষ্ট-৩ চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্যের তালিকা ১৪
পরিশিষ্ট-৪ তথ্য সংরক্ষণ ও অবমুক্তকরণের ছক ১৫-১৭

**ফরমের তালিকা** ১৮
ফরম ক- তথ্য প্রাপ্তির আবেদনপত্র ১৯
ফরম খ -তথ্য সরবরাহের অপারগতার নোটিশ ২০
ফরম গ -আপীল আবেদন ২১
ফরম ক -অভিযোগ দায়ের ফরম ২২
ফরম খ - জবাব ২৩
ফরম গ -তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি ২৪

## প্রথম অধ্যায় : নীতিমালার সাধারণ বিষয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) -এর পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনক্রমে তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫ প্রণীত হয়েছে।

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :** এই নীতিমালা ‘বিসিকের তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫’ নামে অবহিত হবে।

**যে তারিখে নীতিমালাটি পাশ করা হয়:**

**এ নীতিমালার সাথে সম্পর্কযুক্ত বিসিকের অন্যান্য নীতিমালাসমূহ :** বিসিক

# দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি

## ২.০ ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক স্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। দেশের সর্বস্তরের জনগণের কাছে সরকারি ও বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানে কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন ও উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে ইতোমধ্যে জাতীয় সংসদে তথ্য অধিকার আইন ২০০৯ পাশ হয়েছে। তাছাড়া তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ প্রনীত হয়েছে। রাষ্ট্র পরিচালনার মূলনীতি ১৬ অনুচ্ছেদে বলা হয়েছে যে, 'নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করিবার উদেশ্যে কৃষিবিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা ও যোগাযোগ ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নে মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন।' সংবিধানের মূলনীতি ও চেতনাকে সামনে রেখে দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পখাতে সরকারি মূখ্য প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কাজ করছে। এক্ষেত্রে বিসিক বেসরকারি শিল্পোদ্যোক্তাদেরকে বিভিন্ন সেবা-সহায়তা প্রদান করে আসছে। দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পখাতে উদ্যোক্তাগণ বিসিকের কর্মকান্ডের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত। এখাতের উন্নয়নে দেশের জনগণের কাছে খাতসংশ্লিষ্ট তথ্যাবলী প্রাপ্তির অধিকার নিশ্চিত করা একান্ত প্রয়োজন। এ লক্ষ্যকে সামনে রেখে তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় বিসিক তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়ন করেছে।

## ২.১ নীতিমালার উদ্দেশ্য

- দেশের শিল্পায়নের স্বার্থে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতের প্রয়োজনীয় তথ্যের অবাধ প্রবাহ ও জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণ;
- বিসিকের সকল কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ; এবং
- ক্ষুদ্র ও কুটির শিল্পখাতের দ্রুত উন্নয়ন ও বিকাশের মাধ্যমে দেশের আর্থ- সামাজিক উন্নয়ন।

## ২.২ বিসিকের পটভূমি

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে নিয়োজিত সরকারি খাতের মুখ্য প্রতিষ্ঠান। বর্তমান বিসিক ১৯৫৭ সালে ইপসিক নামে এক সংসদীয় আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। চেয়ারম্যানের নেতৃত্বে ৬ জন পরিচালকের সমন্বয়ে গঠিত বিসিকের পরিচালনা পর্ষদ রয়েছে। চেয়ারম্যান বিসিকের প্রধান নির্বাহী। প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য হলো:

- শিল্পোৎপাদন বৃদ্ধি ও দেশের শিল্পায়নের অবদান রাখা;
- কর্মসংস্থান সৃষ্টি ;
- দারিদ্র্য দূরীকরণ ;
- শিল্পায়নের মাধ্যমে ভারসাম্যপূর্ণ আঞ্চলিক উন্নয়ন এবং
- দেশে আর্থ-সামাজিক উন্নয়ন।

## ২.৩ বিসিকের সাথে তথ্য অধিকারের সম্পর্ক

বিসিক বেসরকারি খাতে ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারের লক্ষ্যে বর্তমানে মূলতঃ দু'ধরনের কার্যক্রম পরিচালনা করছে তা হলো: ক) রাজস্ব বাজেটের আওতায় উন্নয়ন ও সম্প্রসারণমূলক এবং নিয়ন্ত্রণমূলক কার্যক্রম এবং খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন। প্রতিষ্ঠানের কাজের সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে জনগণের কাছে তথ্যের অবাধ প্রবাহ ও তথ্যের অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। বিসিক দেশে ক্ষুদ্র ও কুটির শিল্পখাতে উন্নয়নে উদ্যোক্তাদের বিভিন্ন ধরনের সেবা সহায়তা প্রদান করে আসছে।

এ লক্ষ্যে নিয়মিত কর্মকাণ্ডের পাশাপাশি বিসিক কর্তৃক বাস্তবায়িত হচ্ছে বিভিন্ন উন্নয়ন প্রকল্প। বিসিকের সার্বিক কর্মকাণ্ড এবং ক্ষুদ্র ও কুটির শিল্প খাতের বিভিন্ন তথ্যাবলী সম্পর্কে অবহিত হওয়া অধিকার জনগণের রয়েছে। তাছাড়া দেশের ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্প খাতের দ্রুত উন্নয়ন ঘটিয়ে শিল্পায়ন কর্মকাণ্ডকে আরও বিকশিত করার জন্য উক্ত খাত সংশ্লিষ্ট তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার প্রয়োজনীয়তা রয়েছে।

**২.৪ তথ্য অবমুক্তকরণ নীতি**

দেশের মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের সাথে নিবিড়ভাবে জড়িয়ে আছে শিল্পায়ন। উদ্যোক্তাদের শিল্পায়ন ছাড়া দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। সমগ্র শিল্পখাতের সাথে ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পখাত বিশেষ স্থান দখল করে আছে। এখাতে বিসিকের উৎপাদন, আয় এবং নতুন কর্মসংস্থান ক্রমেই বাড়ছে। অতি সম্ভাবনাময় উক্ত খাতে দেশের শিল্পায়নের ক্ষেত্রে মূল চালিকাশক্তি হিসেবেও বিবেচনা করা হচ্ছে। নতুন উদ্যোক্তা তৈরিতেও এ খাতের অবদান অস্বীকার করার কোনো উপায় নেই। আর এ ধরনের একটি গুরুত্বপূর্ণ খাতে ব্যাপক উন্নয়নের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান হিসেবে বিসিক দায়িত্ব পালন করছে। স্বচ্ছতা ও জবাবদিহিতা সুশাসনের অন্যতম প্রধান দুটি উপাদান, যা নিশ্চিত করার ক্ষেত্রে প্রযোজ্য তথ্যের অবাধ প্রবাহ বিশেষ ভুমিকা পালন করতে পারে। এতদুদ্দেশ্য পূরণকল্পে জনগণের তথ্যের অধিকারকে নিশ্চিত করার নীতিতে বিশ্বাসী। তথ্য অবমুক্তকরণ নীতিটি তথ্য অধিকার আইন ২০০৯ - এর আলোকে প্রণয়ন করা হয়েছে।

**২.৫ সংজ্ঞা**

তথ্য : তথ্য অর্থে বিসিকের গঠন, সাংগঠনিক কাঠামো, নীতিমালা, বিধিমালা, দাপ্তরিক কর্মকাণ্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, পুস্তিকা, বুলেটিন, ব্রসিউর, প্রতিবেদন, নকশা, মানচিত্র, চুক্তি, সমঝোতা স্মারক, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, উন্নয়ন প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিত চিত্র, ইলেকট্রনিক্স প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট নির্বিশেষে অন্যকোন তথ্যবহুল বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে; তবে শর্ত থাকে যে, দাপ্তরিক কোন নোটসীট বা নোটসীটের কোন অনুলিপি এর অন্তর্ভুক্ত হবেনা।

**২.৬ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৪ অনুযায়ী বিসিকের তথ্য সরবরাহের জন্য বিসিক প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় এবং জেলা কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের পদবি ও ঠিকানা :

| ক্রমিক | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অফিসের নাম | ঠিকানা | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপ-ব্যবস্থাপক( জনসংযোগ)<br>বিসিক প্রধান কার্যালয়, ঢাকা | ১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ | ০২-৯৫৫৫২৬২ |
| ০২ | সহকারী মহাব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়, ঢাকা | ১২৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ | ০২-৭১৭৫০৬২ |
| ০৩ | সহকারী মহাব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম | ১৭ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম | ০৩১-২৫২০৩২১ |
| ০৪ | সহকারী মহাব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়, খুলনা | ১৯/২০ কিডিএ এভিনিউ, খুলনা | ০৪১-৭৩১৯০৫ |
| ০৫ | সহকারী মহাব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়, রাজশাহী | সপুরা, রাজশাহী | ০৭২১-৭৬১১৭২ |



| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ০৬ | উপ-মহাব্যবস্থাপক | মালেক ম্যানশন, ১২৮ মতিঝল বাণিজ্যিক | |

| | | | |
|---|---|---|---|
| | শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, ঢাকা | এলাকা, ঢাকা | ০২-৯৫৫৩১৩ |
| ০৭ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, ময়মনসিংহ | মাসকান্দা,ময়মনসিংহ | ০৯১৬৬৮৫৩ |
| ০৮ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, চট্টগ্রাম | ১৭ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম | ০৩১-৭১৪৯১৮ |
| ০৯ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক,ফরিদপুর | নীলটুলি, ফরিদপুর | ০৬৩১-৬২৪৫৩ |
| ১০ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক,নোয়াখালী | ওয়াপদারপুর, সোনাপুর, নোয়াখালী | ০৩২১-৬১৪৫৪ |
| ১১ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, কুমিল্লা | অশোকতলা, কুমিল্লা | ০৮১৭-৬৪৮৪ |
| ১২ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, সিলেট | খাদিমনগর, সিলেট | ০৮২১-২৮৭০৩৭৪ |
| ১৩ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, খুলনা | ৩৩৪ শেরে বাংলা রোড, খুলনা | ০৪১-৭২০৩৭৩ |
| ১৪ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, যশোর | ঝুমঝুমপুর, যশোর | ০৪২১-৬৬৮০৬ |
| ১৫ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, রবিশাল | কাউনিয়া,বরিশাল | ০৪৩১-২১৭৩৫১৩ |
| ১৬ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, কুষ্টিয়া | কুমারপাড়া, কুষ্টিয়া | ০৭১-৬১৯৭৪ |
| ১৭ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক,রাজশাহী | সপুরা,রাজশাহী | ০৭২১-৭৬০৫১৪ |
| ১৮ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, রংপুর | কেল্লাবাদ, রংপুর | ০৫২১-৬২৯৭৩ |
| ১৯ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, দিনাজপুর | পুলহাট, দিনাজপুর | ০৫৩১-৬৫১০৪ |
| ২০ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, বগুড়া | ফুলবাড়ি, বগুড়া | ০৫১-৬৬২৯৪ |
| ২১ | উপ-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, পাবনা | হেমায়েতপুর, পাবনা | ০৭৩১-৬৫৭০৬ |
| ২২ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, টাংগাইল | তারাটিয়া টাংগাইল | ০৯২১-৫৩১৮৭ |
| ২৩ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, নারায়ণগঞ্জ | পঞ্চবটি, নারায়নগঞ্জ | ৭৬৭১২৬৬ |
| ২৪ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, কিশোরগঞ্জ | মারিয়া, বিন্নাটি, কিশোরগঞ্জ | ০৯৪১-৬১৯১৭ |



| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২৫ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, নরসিংদী | সাটিরপাড়া, নরসিংদী | ৯৪৬৩২৮৯ |
| ২৬ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, জামালপুর | নতুন বাসস্ট্যান্ড, জামালপুর | ০৯৮১-৬৩৫৩০ |
| ২৭ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, মাদারীপুর | পুরান বাজার, মাদারীপুর | ০৬৬১-৬২৩০৩ |
| ২৮ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, রাজবাড়ী | রামকান্তপুর, রাজবাড়ী | ০৬৪১-৬৫৫১৬ |
| ২৯ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, গোপালগঞ্জ | ঘোষেরচর, গোপালগঞ্জ | ৬৬৮৫৩৮৫ |
| ৩০ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, কক্সবাজার | জিলংঝা, কক্সবাজার | ০৩৪১-৬৩২৯৮ |
| ৩১ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, রাঙ্গামাটি | ভেদভেদি, রাঙ্গামাটি | ০৩৫১-৬২১৫৬ |
| ৩২ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, ফেনী | চাড়িপুর, ফেনী | ০৩৩১-৭৪০৫৭ |
| ৩৩ | সহকারী-মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,চাঁদপুর | বাবুরহাট, চাঁদপুর | ০৮৪১-৬৩৩০১ |
| ৩৪ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বাক্ষনবাড়িয়া | নন্দনপুর, বাক্ষনবাড়িয়া | ০৮৫১-৫২১৫৮ |
| ৩৫ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,হবিগঞ্জ | ধুলিয়াখাল, হবিগঞ্জ | ০৮৩১-৫২৩৮১ |
| ৩৬ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,পটুয়াখালী | মাঝগ্রাম, পটুয়াখালী | ০৪৪১-৬২১৪৮ |
| ৩৭ | সহকারী মহাব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,চাপাইনবাবগঞ্জ | নয়াগোলা, চাপাইনবাবগঞ্জ | ০৭৮১-৫৫৫১২ |
| ৩৮ | সহকারী মহাব্যবস্থাপক,<br>শিসকে, সিরাজগঞ্জ | শিল্পনগরী ভবন, সিরাজগঞ্জ | ০৭৫১-৬২৯৪৭ |
| ৩৯ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, গাজীপুর | টংগী, গাজীপুর | ৯৮১৫৯৭৮ |
| ৪০ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, মুন্সিগঞ্জ | মোক্তারপুর, মুন্সিগঞ্জ | ০৬৯১-৬৩১৭৯ |
| ৪১ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, মানিকগঞ্জ | গোলরা, মানিকগঞ্জ | ০৬৫১-৬১৬১২ |
| ৪২ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, নেত্রকোণা | রাজেন্দ্রপুর, নেত্রকোণা | ০৯৫১-৬১৬৬৮ |
| ৪৩ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, শেরপুর | নওহাটা, শেরপুর | ০৯৩১-৬১৬৭৪ |
| ৪৪ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,শরিতপুর | পালং, শরিয়তপুর | ০৬০১-৬১৬১৭ |



| | | | |
|---|---|---|---|
| ৪৫ | উপ-ব্যবস্থাপক | উজানীপাড়া, বান্দরবান | ০৩৬১-৬২৪৩৬ |

| | | | |
|---|---|---|---|
| | শিল্প সহায়ক কেন্দ্র, বান্দরবান | | |
| ৪৬ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,খাগড়াছড়ি | কোর্ট রোড, খাগড়াছড়ি | ০৩৭১-৬১৬৫০ |
| ৪৭ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, লক্ষীপুর | রায়পুর রোড, লক্ষীপুর | ০৩৮১-৫৫৪৫২ |
| ৪৮ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,<br>মৌলভীবাজার, | গিয়াস নগর | ০৮৬১-৫২৩২৮ |
| ৪৯ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, সুনামগঞ্জ | হাসাননগর, সুনামগঞ্জ | ০৮৭১-৫৫১২৫ |
| ৪৯ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বাগেরহাট | বিসিক শিল্পনগরী, বাগেরহাট | ০৪৬৮-৬২৫২১ |
| ৫০ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,সাতক্ষীরা | বিনেরপোতা, সাতক্ষীরা | ০৪৭১-৬৩৩৬০ |
| ৫১ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, ঝিনাইদহ | ধানহাড়িয়া, ঝিনাইদহ | ০৪৫১-৬২৫৫৮ |
| ৫২ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, মাগুড়া | সৈয়দ আতরআলী সড়ক, মাগুড়া | ০৪৮৮-৬২৩১৩ |
| ৫৩ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, চুয়াডাঙ্গা | কলেজ রোড, চুয়াডাঙ্গা | ০৭৬১-৬৩২৩৭ |
| ৫৪ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, ভোলা | সুকদেব, চরনোয়াবাদ | ০৪৯১-৬১৩০৮ |
| ৫৫ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, ঝালকাঠি | ৫৮ বাহের রোড | ০৪৯৮-৬৩২৫০ |
| ৫৬ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, পিরোজপুর | পাড়েরহাট রোড, পিরোজপুর | ০৪৬১-৬২৩৩৮ |
| ৫৭ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, বরগুনা | বাজার রোড, বরগুনা | ০৪৪৮-৬২৫৯৩ |
| ৫৮ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, নড়াইল | প্রান্তিক ভবন, নড়াইল | ০৪৮১-৬২৩২৭ |
| ৫৯ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, মেহেরপুর | বাসস্ট্যান্ড, মেহেরপুর | ০৭৯১-৬২৪৭২ |
| ৬০ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, নওগাঁ | শালুকা, নওগাঁ | ০৭৪১-৬২৬৭০ |
| ৬১ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,নাটোর | দত্তপাড়া, নাটোর | ০৭৭১-৬২৯২২ |
| ৬২ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,পঞ্চগড় | কাগজিয়াপাড়া, পঞ্চগড় | ০৫৬৮-৬১৩৫৮ |
| ৬৩ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,ঠাকুরগাঁও | গোবিন্দনগর, ঠাকুরগাঁও | ০৫৬১-৫৩৪৩২ |



| | | | |
|---|---|---|---|
| ৬৪ | উপ-ব্যবস্থাপক | উলিপুর রোড, কুড়িগ্রাম | ০৫৮১-৬১৪৯৩ |

| | | | |
|---|---|---|---|
| | শিল্প সহায়ক কেন্দ্র,কুড়িগ্রাম | | |
| ৬৫ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, নীলফামারী | হাসপাতাল রোড, নীলফামারী | ০৫৫১-৬১৫৬১ |
| ৬৬ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র, লালমনিরহাট | সাপ্টাবাড়ী, লালমনিরহাট | ০৫৯১-৬১৪৩২ |
| ৬৭ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,গাইবান্ধা | ধানহড়া, গাইবান্ধা | ০৫৪১-৬১৫৮৭ |
| ৬৮ | উপ-ব্যবস্থাপক<br>শিল্প সহায়ক কেন্দ্র,জয়পুরহাট | দাদরা জন্তিগ্রাম, জয়পুরহাট | ০৫৭১-৬২৫৪৪ |

(ক) **তথ্য প্রদানকারী ইউনিট:** তথ্য প্রদানকারী কর্মকর্তার সমন্বয়ে প্রত্যেকটি কার্যালয়ে তথ্য প্রদানকারী ইউনিট গঠিত হবে;

(খ) **আপিল কর্তৃপক্ষ:** বিসিক প্রধান কার্যালয়ের ক্ষেত্রে সচিব শিল্প মন্ত্রণালয়,আঞ্চলিক কার্যালয়ের ক্ষেত্রে চেয়ারম্যান, বিসিক এবং জেলা কার্যালয় সমূহের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালকগণ আপিল কর্তৃপক্ষ হবেন;

(গ) **বিসিক:** বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন;

(ঘ) **তফসিল:** বিসিক আইন, ১৯৫৭- এর তফসিল;

(ঙ) **চেয়ারম্যান :** বিসিকের চেয়ারম্যান;

(চ) **তথ্য কমিশন:** তথ্য অধিকার আইনের অধীনে প্রতিষ্ঠিত কমিশন;

(ছ) **বিধিমালা:** বিসিক কর্মচারী চাকরি বিধিমালা ১৯৮৯

# তৃতীয় অধ্যায়: নীতিমালা

### ৩.০ তথ্যের শ্রেণিবিন্যাস

তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যোক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে এবং জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য বিসিক দিতে বাধ্য থাকবে। বিসিকের কাছে যেসব তথ্য রয়েছে তা চারটি শ্রেণিতে ভাগ করা হয়েছে :

ক) স্বপ্রণোদিত তথ্য

খ) চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য

গ) চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্য

ঘ) কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

### ৩.১ স্বপ্রণোদিত তথ্য

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট ১-এ উল্লেখ করা আছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী স্বপ্রণোতিদভাবে বিসিকের ওয়েবসাইটে www.bscic.gov.bd প্রকাশিত থাকবে। যদি চাহিদা অনুযায়ী কোনো তথ্য ওয়েবসাইটে পাওয়া না যায় তাহলে, তথ্য চাহিদাকারী প্রধান কার্যালয়ের উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এমআইএস বিভাগ, ১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ -এর নিকট আবেদন করতে পারবেন।

### ৩.২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশ্লিষ্ট-২ এ উল্লেখ করা আছে। এ জাতীয় চাহিদাকৃত তথ্য বিসিক কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাকারীকে প্রদান করতে পারবেন।

### ৩.৩ চাহিবামাত্র আংশিক তথ্য প্রদানে বাধ্য

এই শ্রেণির তথ্যসমূহ পরিশ্লিষ্ট-৩ অনুযায়ী আংশিক প্রদান করা হবে। তালিকাটি বিসিক পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত হবে। এ তালিকাটি বিসিক পরিচালক পর্ষদ কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনান্তে প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করা হবে। এ তালিকাটি বিসিকের ওয়েবসাইটে পৃথকভাবে প্রকাশ করা হবে না; নীতিমালার অংশ হিসেবেই থাকবে।

### ৩.৪ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে বিসিক বাধ্য থাকবে না। এ তালিকাটিও বিসিক পরিচালক পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে এবং পর্ষদ তা অনুমোদন করবে। এ তালিকাটি পরিচালক পর্ষদ কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনান্তে প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করা হবে। নিম্নেবর্ণিত তথ্যসমূহ বিসিক কোন নাগরিককে প্রদান করতে বাধ্য থাকবে না।

- ক) শিল্পোদ্যোক্তাদের ব্যক্তিগত তথ্য (সংশ্লিষ্ট উদ্যোক্তার সম্মতিক্রমে প্রকাশযোগ্য হবে);
- খ) বিসিকের পূর্ত ও ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
- গ) বিসিকের নিলাম ও বিক্রয় সংক্রান্ত কাজের প্রাক্কলিত মূল্য;
- ঘ) বিসিকের কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রক্রিয়াধীন বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা ও মামলা সংক্রান্ত তথ্য;
- ঙ) আদালতে বিচারাধীন কোনো বিষয় এবং যাহা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালে নিষেধাজ্ঞা রয়েছে অথবা যা প্রকাশ আদালত অবমাননার শামিল;
- ছ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে এরূপ তথ্য;
- জ) তদন্তাধীন কোন বিষয় যা প্রকাশের ফলে তদন্তকাজে বিঘ্ন সৃষ্টি হতে পারে এরূপ তথ্য;
- ঝ) কর্মকর্তা ও কর্মচারীর ব্যক্তিগত নথি, বেতন ভাতাদিসহ অন্যান্য সুবিধাদি ও বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা (কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত) সংক্রান্ত তথ্য;

ঞ) জাতীয় সংসদের অধিকারহানির কারণ হতে পারে এরূপ কোন তথ্য; এবং

ত) কোনো তথ্য প্রকাশের ফলে কোনো বিশেষ ব্যাক্তি বা সংস্থাকে লাভবান ক্ষতিগ্রস্থ করতে পারে এরূপ তথ্য।

**৩.৫ প্রতিমাসে নিয়মিত তথ্য অবমুক্তকর**

প্রধান কার্যালয় থেকে প্রতি মাসে ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (এমআইএস) প্রতিবেদনের মাধ্যমে তথ্য অবমুক্ত করা হবে।

**৩.৬ তথ্যের ভাষা**

ক) ৩ নং সেকশনের যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো বিসিকের কার্যক্ষেত্রে ব্যবহৃত বাংলা ভাষায় পাওয়া যাবে। এটি নির্ভর করবে অফিসিয়াল বা কার্যক্ষেত্রে যে ভাষায় ডকুমেন্টটি তৈরি হয়েছে তার উপর;

খ) বিসিক কর্তৃক তথ্যটি যেভাবে প্রকাশ, ছাপা এবং সংরক্ষণ কর হয়েছে সেভাবেই দেবে;

গ) বিসিক তথ্যটিকে এক ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নেবে না।

**৩.৭ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি**

তথ্যের আবেদনপত্র বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন তৈরি; শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে তার উপর্যুক্ত করে তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে দক্ষ ও পারদর্শী বিসিকের অন্য কোন কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

**৩.৮ আবেদন প্রক্রিয়া**

তথ্য চাহিদকারী সাদা কাগজে অথবা তথ্য অধিকার আইন বিধিমালা ফরম 'ক' (সংযুক্ত) ব্যবহার করে তথ্যের জন্য সরাসরি বা ই-মেইলের মাধ্যমে আবেদন করবেন। এই ফরম বিসিকের অফিসিয়াল ওয়েবসাইটে পাওযা যাবে। আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে ।

ক) অনুরোধকারীর নাম, পদবী, পূর্ণ ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

খ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

গ) অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;

ঘ) কোন পদ্বতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্বতি।

**৩.৯ তথ্য প্রদানের সময়সীমা**

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০(বিশ) কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

**৩.১০ তথ্যের মূল্য তালিকা**

ক) ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সে প্রতিবেদন, বই ও পুস্তিকা বা কপির জন্য উক্ত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার(তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ - এর তফসিল 'ঘ' ফরম (সংযুক্ত) অনুযায়ী নির্ধারিত হবে;

**৩.১১তথ্য প্রদানে অপারগতা**

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে তিনি তা অনুরোধকারীকে অবহিত করবেন। যদি সেকশন ৭ এ উল্লিখিত 'কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়' এর আওতায় কোন তথ্য প্রদানের অপরাগতার যথাযথ কারণ তথ্য কমিশনকে জানাতে হবে। তার পর তা তথ্য চাহিদাকারীকে ফরম 'খ' সংযুক্ত এর মাধ্যমে জানাতে হবে। অন্যথায় বিনা কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য চাহিদাকারীকে কোন অবস্থাতেই তথ্য প্রদানে অপরাগতা জানাতে পারবেন না।

**৩.১২ আপিল প্রক্রিয়া ও সময়সীমা**

কোনো ব্যক্তি যদি নিদিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপিল আবেদনে আপিলের কারণ উল্লেখপূর্বক সাদা কাগজে বা তথ্য অধিকার ফরম 'গ' (সংযুক্ত) অনুযায়ী করা যাবে।

বিসিকের সংশ্লিষ্ট আপিল কর্তৃপক্ষ পরবর্তী **১৫** (পনের) দিনের মধ্যে শুনানিঅন্তে আপিল নিস্পত্তি করবেন। তথ্য প্রাপ্তির আপীলসমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ২৪ এবং ২৮ অনুযায়ী বিবেচনা করা হবে। আপিল কর্তৃপক্ষের রায় বিসিকের চূড়ান্ত রায় বলে বিবেচিত হবে। এ ব্যাপারে সংক্ষুব্ধ হলে তথ্য চাহিদাকারী তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবে।

**৩.১৩ শাস্তি**

যথাযথ কারণ ব্যতিত তথ্য প্রদানে অপারগতা একটি অসদাচরণ বলে বিবেচিত হবে এবং বিসিকের কর্মচারী চাকুরী বিধিমালা **১৯৮৯**-এর বিধি অনুযায়ী উক্ত তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিশিষ্ট-০১

**স্বপ্রণোদিত তথ্যের তালিকা :**

ক) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন আইন ১৯৫৭

খ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন এর কর্মচারী চাকরি প্রবিধানমালা ১৯৮৯

গ) আয়োডিনের অভাবজনিত রোগ প্রতিরোধ আইন ১৯৮৯

ঘ) আয়োডিনের অভাবজনিত রোগ প্রতিরোধ বিধিমালা ১৯৯৪

ঙ) বিসিক কর্তৃক ক্ষুদ্র ও কুটির শিল্পখাতের উদ্যোক্তাদের প্রদত্ত উন্নয়ন ও সম্প্রসারণমূলক কর্মকাণ্ডসমূহ;

চ) ক্ষুদ্র ও কুটির শিল্পের পরিসংখ্যান : ১) শিল্প ইউনিট সংখ্যা, ২) বিনিয়োগ, ৩) কর্মসংস্থান, ৪) উৎপাদন, ৫) জিডিপিতে অবদান এবং প্রবৃদ্ধির হার ইত্যাদি;

ছ) বিসিক কর্তৃক প্রদত্ত উদ্যোক্তা উন্নয়ন ও ট্রেডভিত্তিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য: স্কিটি, নকশা কেন্দ্র ও নৈপুণ্য বিকাশ কেন্দ্রসমূহের ১) বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার, ২) প্রশিক্ষণের বিষয়সমূহ ৩) প্রশিক্ষণ কোর্সের মেয়াদকাল, ৪) কোর্সের পরিমাণ, ৫) আবেদনের নিয়মাবলী এবং আবেদন প্রাপ্তির সুবিধা ইত্যাদি;

জ) বিসিক শিল্পনগরীসমূহের তথ্য: ১) শিল্পনগরীসমূহের নাম ও অবস্থান, ২) শিল্পনগরীর আয়তন, ৩) শিল্পনগরীর স্থাপনকাল, ৪) মোট শিল্প প্লটের সংখ্যা, ৫) বরাদ্দকৃত প্লটের সংখ্যা, ৬) বরাদ্দের অপেক্ষায় প্লটের সংখ্যা, ৭) মোট শিল্প ইউনিট সংখ্যা, ৮) উৎপাদনরত ইউনিট সংখ্যা, ৯) বাস্তবায়নাধীন ইউনিট সংখ্যা, ১০) রুগ্ন ও বন্ধ ইউনিট সংখ্যা, ১১) শিল্পনগরীসমূহে মোট বিনিয়োগ, ১২) বাৎসরিক উৎপাদিত পণ্যের মূল্য, ১৩) রপ্তানিযোগ্য পণ্য উৎপাদনকারী শিল্প ইউনিট সংখ্যা, ১৪) রপ্তানিযোগ্য পণ্যের মুল্য, ১৫) বাৎসরিক সরকারকে প্রদত্ত টেক্স, ভ্যাট বাবদ রাজস্বের পরিমান এবং ১৬) কর্মসংস্থান (নারী ও পুরুষ) ইত্যাদি; ট) শিল্পনগরীসমূহের প্লট বরাদ্দ নীতিমালা:১) শিল্পপ্লট প্রাপ্তির নিয়মাবলী, ২) শিল্প পটের আবেদন ইত্যাদি।

ঝ) শিল্পনগরীসমূহের পট বরাদ্দ নীতিমালা:১) শিল্পপ্লট প্রাপ্তির নিয়মাবলী, ২)শিল্প প্লটের আবেদন ইত্যাদি।

ঞ) দেশে লবণ উৎপাদনে বিসিকের সেবা সহায়তা কার্যক্রম এবং ১) লবণের বার্ষিক চাহিদা, ২) উৎপাদনের পরিমান,৩) লবণ চাষের আওতায় জমির পরিমাণ এবং ৪) লবণ চাষে নিয়োজিত চাষীর সংখ্যা ইত্যাদি;

ট) কুটির, হস্তশিল্পের নকশা ও নমুনা সংক্রান্ত তথ্য;

ঠ) বিসিকের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের নাম, প্রাক্কলিত প্রকল্প ব্যয়, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাস্তবায়নকাল সংক্রান্ত তথ্যাবলী;

ড) বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহে বার্ষিক অর্থ বরাদ্দ এবং ব্যয় সংক্রান্ত তথ্যাবলী এবং

ঢ) দেশব্যাপী বিসিকের সকল কার্যালয়ের ঠিকানা ও ই-মেইল ঠিকানা।

পরিশিষ্ট-০২

**চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা :**

ক) জাতীয় শিল্পনীতি ২০১০
খ) জাতীয় লবণনীতি ২০১১
গ) বিভিন্ন ধরনের নির্মাণ, মেরামত, সংস্কার এবং ক্রয় সংক্রান্ত কাজের তথ্য (প্রাক্কলিত মূল্য ব্যতীত);
ঘ) বিক্রয় ও নিলাম সংক্রান্ত তথ্য (নিলামের প্রাক্কলিত মূল্য ব্যতীত);
ঙ) সাব-কন্ট্রাকটিং বিধিমালা ১৯৮৯;
চ) ক্ষুদ্র শিল্প ইউনিট সাব-কন্ট্রাকটিং তালিকাভুক্তির নিয়মাবলী;
ছ) ক্ষুদ্র ও কুটির শিল্প ইউনিট নিবন্ধনের নিয়মাবলী;
জ) ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য কাঁচামাল ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে সুপারিশ প্রদানের নিয়মাবলী;
ঝ) বিসিক আয়োজিত বিভিন্ন মেলা সংক্রান্ত তথ্য;
ঞ) শিল্পনগরীসমূহের শিল্প কারখানায় উৎপাদিত পণ্যসমূহের তালিকা;
ট) বাস্তবায়িত কর্মকাণ্ডের মাসিক অগ্রগতি সংক্রান্ত তথ্য;
ঠ) বার্ষিক প্রতিবেদন;
ড) প্রতিষ্ঠানের অনুমোদিত ও কর্মরত জনবল সংক্রান্ত তথ্য;
ঢ) লবণ উৎপাদন মৌসুমে সাপ্তহিক লবণ উৎপাদন সংক্রান্ত তথ্য;
ণ) ঋণ সংক্রান্ত তথ্য;

পরিশিষ্ট-০৩

**চাহিবামাত্র আংশিক প্রদানে বাধ্য তথ্যের তালিকা**

ক) শিল্পনগরীতে উদ্যোক্তাদের নিকট বিসিকের বিভিন্ন খাতে পাওনা ও আদায় সংক্রান্ত তথ্য;

# কর্মকান্ডের লক্ষ্যমাত্রা ও মাসিক অগ্রগতির তথ্য সংরক্ষণ ও অবমুক্তকরণ ছক

*পরিশিষ্ট- ৪*

## বিসিকের প্রধান কার্যালয়সহ বিভিন্ন বিভাগ, শিল্প সহায়ক কেন্দ্রসমূহ এবং উন্নয়ন প্রকল্পের আওতায় সম্পাদিত কর্মকান্ডের জাতীয়ভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি

(বিসিকের মাঠ পর্যায়ের তথ্য অনুযায়ী)

প্রতিবেদনকাল ঃ

<table>
<tr><th rowspan="2">ক্রঃ</th><th colspan="3" rowspan="2">কর্মকান্ডের নাম</th><th rowspan="2">বার্ষিক লক্ষ্যমাত্রা</th><th rowspan="2">মাসিক অগ্রগতি</th><th colspan="2">বছরের ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><th>অগ্রগতি</th><th>অগ্রগতির হার</th></tr>
<tr><td>০১</td><td colspan="3">০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td><td>০৬</td></tr>
<tr><td rowspan="2">০১</td><td colspan="2" rowspan="2">শিল্পোদ্যোক্তা চিহ্নিতকরণ</td><td>ক্ষুদ্র শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>কুটির শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">০২</td><td colspan="2" rowspan="2">শিল্পোদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ</td><td>ব্যবস্থাপনা উন্নয়ন</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>দক্ষতা উন্নয়ন</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>০৩</td><td colspan="2">প্রজেক্ট প্রোফাইল প্রণয়ন (নুতন)</td><td>ক্ষুদ্র শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">০৪</td><td colspan="2" rowspan="2">প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়ন</td><td>ক্ষুদ্র শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>কুটির শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="4">০৫</td><td rowspan="4">ঋণ- ব্যবস্থাকরণ/ সহায়তাকরণ</td><td rowspan="2">ক্ষুদ্র শিল্প</td><td>নতুন</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>বিদ্যমান</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">কুটির শিল্প</td><td>নতুন</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>বিদ্যমান</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">০৬</td><td colspan="2" rowspan="2">উদ্যোক্তার নিজস্ব বিনিয়োগে শিল্প স্থাপন</td><td>ক্ষুদ্র শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>কুটির শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">০৭</td><td colspan="2" rowspan="2">প্রকল্প নিবন্ধীকরণ</td><td>ক্ষুদ্র শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>কুটির শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="4">০৮</td><td colspan="2" rowspan="2">ক) ঋণ বিতরনকৃত প্রকল্পের বাস্তবায়ন তদারকীকরণ</td><td>ক্ষুদ্র শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>কুটির শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="2" rowspan="2">খ) ঋণ আদায়ের জন্য শিল্প ইউনিট পরির্দশন</td><td>ক্ষুদ্র শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>কুটির শিল্প</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>০৯</td><td colspan="3">ক্রেতা- বিক্রেতা সম্মেলন আয়োজন</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">১০</td><td colspan="2" rowspan="2">নকশা নমুনা উন্নয়ন ও বিতরণ</td><td>উন্নয়ন</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>বিতরণ</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">১১</td><td colspan="2" rowspan="2">কারিগরী তথ্য সংগ্রহ ও বিতরণ</td><td>সংগ্রহ</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>বিতরণ</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>১২</td><td colspan="3">সাব-সেক্টর ষ্ট্যাডি প্রণয়ন ও প্রকাশ</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

| | কর্মকান্ডের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | মাসিক অগ্রগতি | বছরের ক্রমপুঞ্জিত | |
|---|---|---|---|---|---|
| | | | | অগ্রগতি | অগ্রগতির হার |
| ১৩ | বিপণন সমীক্ষা প্রণয়ন | | | | |
| ১৪ | বিপণন সম্ভাব্যতা প্রতিবেদন প্রণয়ন | | | | |
| ১৫ | ক) মেলা আয়োজন | | | | |
| | খ) মেলায় অংশ গ্রহণ | | | | |
| ১৬ | শিল্প জার্নাল/ নকশা ও বিপণন সংক্রান্ত পুস্তিকা/ ডাইরেক্টরী প্রণয়ন ও প্রকাশ (সংখ্যা) | | | | |
| ১৭ | সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | | | | |
| ১৮ | ক) মূল্যায়ন | | | | |
| | খ) কোর্স মূল্যায়ন | | | | |
| | গ) গবেষণা কার্যক্রম | | | | |
| ১৯ | ক) সাব-কন্ট্রাক্টিং ইউনিট তালিকাভূক্তিকরণ | | | | |
| | খ) সাব-কন্ট্রাক্টিং সংযোগ স্থাপন | | | | |
| | গ) পণ্য সরবরাহের পরিমাণ ( কোটি টাকায় ) | | | | |
| ২০ | লবণ উৎপাদন ( লক্ষ মেট্রিক টন ) | | | | |
| ২১ | মধু উৎপাদন ( মেট্রিক টন ) | | | | |
| ২২ | বিসিক কর্তৃক সরাসরি ঋণ বিতরণ (লক্ষ টাকায়) | | | | |
| ২৩ | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ | | | | |
| ২৪ | কর্ম-সংস্থান সৃষ্টি – ক্ষুদ্র শিল্প – ঋণের মাধ্যমে | | | | |
| | কর্ম-সংস্থান সৃষ্টি – ক্ষুদ্র শিল্প – উদ্যোক্তার নিজস্ব বিনিয়োগে | | | | |
| | কর্ম-সংস্থান সৃষ্টি – ক্ষুদ্র শিল্প – মোট ক্ষুদ্র শিল্প | | | | |
| | কর্ম-সংস্থান সৃষ্টি – কুটির শিল্প – ঋণের মাধ্যমে | | | | |
| | কর্ম-সংস্থান সৃষ্টি – কুটির শিল্প – উদ্যোক্তার নিজস্ব বিনিয়োগে | | | | |
| | কর্ম-সংস্থান সৃষ্টি – কুটির শিল্প – মোট কুটির শিল্প | | | | |
| | কর্ম-সংস্থান সৃষ্টি – মোট ক্ষুদ্র ও কুটির শিল্প | | | | |

লক্ষ্যমাত্রাবিহীণ কর্মকান্ডের অগ্রগতিঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৫ | রুগ্ন শিল্প পরিদর্শন, সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের সুপারিশ প্রণয়ন ( ক্ষুদ্র শিল্প ) | | | | - |
| ২৬ | আই আর সি (কোটি টাকায়) | | | | - |

*পরিশিষ্ট- ৪*

## ………. অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)ভূক্ত প্রকল্পসমূহের অগ্রগতি

প্রতিবেদনকাল ঃ

(টাকা লক্ষ অংকে)

| ক্র | প্রকল্প/ উপপ্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | অনুমোদনের পর্যায় | মোট প্রকল্প ব্যয় (প্র:সা) | মোট এডিপি বরাদ্দ (প্র:সা:) | বর্তমান মাসে মোট অবমুক্ত অর্থ (প্র:সা:) | বর্তমান বছরে মোট অবমুক্ত অর্থ (প্র:সা:) | বর্তমান মাসে মোট ব্যয় (প্র:সা:) | বর্তমান বছরে মোট ব্যয় (প্র:সা:) | শুরু থেকে ক্রমপুঞ্জিত মোট ব্যয় (প্র:সা:) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | মোট | | | | | | | | |

আনুপাতিক বিশ্লেষণ (সার্বিক)

| | প্রতিবেদনকালীন মাসের অগ্রগতির হার | বছরের ক্রমপুঞ্জিত অগ্রগতির হার |
|---|---|---|
| এডিপি বরাদ্দের তুলনায় অবমুক্তি | | |
| এডিপি বরাদ্দের তুলনায় ব্যয় | | |
| অবমুক্তির তুলনায় ব্যয় | | |
| প্রাক্কলিত প্রকল্প ব্যয়ের তুলনায় এডিপি বরাদ্দ | | |

## ফরমের তালিকা

(অ) ফরম ‘ক’-তথ্য প্রাপ্তির আবেদনপত্র;
(আ) ফরম ‘খ’- তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;
(ই) ফরম ‘গ’- আপীল আবেদন;
(ঈ) ফরম ‘ঘ’- তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

**ফরম 'ক'**

**তথ্য প্রাপ্তির আবেদনপত্র**

**[ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত)বিধিমালার বিধি ৩ দ্রষ্টব্য]**

বরাবর
----------------------------
---------------------------- (নাম ও পদবী)
ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
--------------------- (দপ্তরের নাম ও ঠিকানা)

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | ঃ | ................................ |
| | পিতার নাম | ঃ | ................................ |
| | মাতার নাম | ঃ | ................................ |
| | বর্তমান ঠিকানা | ঃ | ................................ |
| | স্থায়ী ঠিকানা | ঃ | ................................ |
| | ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর | ঃ | ................................ |
| | পেশা | ঃ | ................................ |
| ২। | কি ধরণের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন | ঃ | ................................ |
| ৩। | কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি) | ঃ | ............................... |
| ৪। | তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা | ঃ | ............................... |
| ৫। | প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা | ঃ | ............................... |
| ৬। | তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | ঃ | ............................... |
| ৭। | আবেদনের তারিখ | ঃ | ............................... |
| | আবেদনের তারিখ ..........................<br><br>* তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য। | | আবেদনকারীর স্বাক্ষর |

**ফরম ‘খ’**
**[বিধি ৫ দ্রষ্টব্য]**
তথ্য সরবরাহে অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বর: তারিখ :..................

প্রতি
আবেদনকারীর নাম...................................
ঠিকানা ..............................................

**বিষয় : তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।**

প্রিয় মহোদয়,

আপনার.........................তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল না, যথা-

১। ..........................................................................
..........................................................................;

২। ..........................................................................
..........................................................................;

৩। ..........................................................................
..........................................................................;

(....................)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম
পদবী
দাপ্তরিক সীল

**ফরম 'গ'**

আপীল আবেদন

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৬ দ্রষ্টব্য]

বরাবর
------------------------------
------------------------------ (নাম ও পদবী)
ও
আপীল কর্তৃপক্ষ
----------------------------- (দপ্তরের নাম ও ঠিকানা)

| | | |
|---|---|---|
| ১। | আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) | ঃ ................................ |
| ২। | আপীলের তারিখ | ঃ ................................ |
| ৩। | যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহার কপি (যদি থাকে) | ঃ ................................ |
| ৪। | যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) | ঃ ................................ |
| ৫। | আপীলের সংক্ষিপ্ত বিবরণ | ঃ ................................ |
| ৬। | আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ | ঃ ................................ |
| ৭। | প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি | ঃ ................................ |
| ৮। | আপীলকারী কর্তৃক প্রত্যয়ন | ঃ ................................ |
| ৯। | অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীল কারী ইচ্ছা পোষণ করেন | ঃ ................................ |

আবেদনের তারিখ ...............................

<u>আপীলকারীর স্বাক্ষর</u>

**ফরম 'ক'**

**অভিযোগ দায়েরের ফরম**

[তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিস্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালার প্রবিধান-৩(১)দ্রষ্টব্য]

বরাবর
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলানগর,ঢাকা-১২০৭।

অভিযোগ নং -------------------------------------------------------------------------------।

| | | |
|---|---|---|
| ১। | অভিযোগকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) | ঃ ------------------------------------------ |
| ২। | অভিযোগ দাখিলের তারিখ | ঃ ------------------------------------------ |
| ৩। | যাহার বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা | ঃ ------------------------------------------ |
| ৪। | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ (প্রয়োজনে আলাদা কাগজ সন্নিবেশ করা যাইবে) | ঃ ------------------------------------------ |
| ৫। | সংক্ষুব্ধতার কারণ (যদি কোন আদেশের বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয় সেইক্ষেত্রে উহার করি সংযুক্ত করিতে হইবে) | ঃ ---------------------------------------- |
| ৬। | প্রার্থিত প্রতিকার ও উহার যৌক্তিকতা | ঃ ---------------------------------------- |
| ৭। | অভিযোগ উল্লিখিত বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজ পত্রের বর্ণনা (কপি সংযুক্ত করিতে হইবে) | ঃ ---------------------------------------- |

<u>**সত্যপাঠ**</u>

আমি/আমরা এই মর্মে হলফপূর্বক ঘোষণা করিতেছি যে, এই অভিযোগ বর্ণিত অভিযোগসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

(সত্যপাঠকারীর স্বাক্ষর)

ফরম 'খ'
[প্রবিধান-৬ দ্রষ্টব্য]

**জবাব**

তথ্য কমিশনের অভিযোগ নং ............................................ ।

| | | |
|---|---|---|
| ১। | অভিযোগকারীর নাম ও ঠিকানা | ঃ ............................................... |
| ২। | অভিযুক্তের নামা ও ঠিকানা | ঃ ............................................... |
| ৩। | অভিযোগের মুল বিষয়বস্ত (সংক্ষিপ্ত আকারে) | ঃ ............................................... |
| ৪। | জবাবের সংক্ষিপ্ত বিবরণ (প্রয়োজনে আলাদা) কাগজ সন্নিবেশ করা যাইবে) | ঃ ............................................... |
| ৫। | জবাবের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের বর্ণনা (কপি সংযুক্ত করিতে হইবে) | ঃ ............................................... |

-------
সত্যপাঠ

আমি/আমরা এই মর্মে হলফপূর্বক ঘোষণা করিতেছি যে, আমি জবাবে বর্ণিত জবাবসমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

(সত্যপাঠকারীর স্বাক্ষর)

অনুলিপি

**ফরম ‘গ’**

তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা :-

| **ক্রমিক নং** | **তথ্যের বিবরণ** | **তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/ তথ্যের মূল্য** |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ,নকশা,ছবি,কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদুর্ধ্ব মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মুল্য |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (ক) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে<br>(খ) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য |

বিসিক কর্তৃপক্ষের আদেশক্রমে